# Bachelor of Arts Examination, 2024

(2nd Year, 4th Semester)

## COMPARATIVE LITERATURE

### Course: UG/CL/Core/4.2A

### [ সাহিত্যিক প্রতিগ্রহণ ও বাংলা সাহিত্য-১ ]

Time : Two Hours　　　　Full Marks : 30

প্রশ্নগুলি সমমানের।

কেবলমাত্র বাংলা অথবা ইংরেজি ভাষায় সকল প্রশ্নের উত্তর লেখ।

১। ক) রবীন্দ্রনাথের গীতাঞ্জলি-পর্বে অপেক্ষার ছবিটি কীভাবে প্রতিগ্রহণ জাত সে বিষয়ে আলোচনা করো।

**অথবা**

খ) 'রাত্রি' এবং 'বনলতা সেন' কবিতার পাঠে ঔপনিষদিক সত্য সন্ধান কেন প্রাসঙ্গিক ব্যাখ্যা করো।

২। ক) চর্যাপদ, *কাঞ্চনমালা* এবং *চণ্ডালিকা*র বিষয় এবং আঙ্গিক আলাদা হলেও বৌদ্ধধর্মে যে 'শূন্য' ও 'করুণা'র তত্ত্ব স্বীকৃত, তা পুরুষ-প্রকৃতির রূপকল্পে রচনাগুলিতে নানান ভাবে ঘুরে ফিরে এসেছে। দৃষ্টান্তসহ এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো।

**অথবা**

খ) গৌরচন্দ্রিকা ও গৌরনাগর ভাবের বৈষ্ণব পদগুলিকে কি সমপ্রেমী অস্তিত্বের অভিব্যক্তি হিসেবে পড়া চলে? যুক্তিসহ উত্তর দাও।

৩। ক) কবি কৃত্তিবাস তাঁর 'শ্রীরাম পাঁচালী'তে বাল্মীকির রামকথার মধ্যে মধ্যযুগীয় ভক্তিধর্মের প্লাবন বইয়েছেন, অন্যদিকে

[ Turn over



চন্দ্রাবতীর 'রামায়ণ' ভক্তিবাদের যুগে মানবধর্ম তথা নারীসত্তার পূর্ণ জাগরণ — তোমার পঠিত রচনাগুলি অবলম্বনে এবিষয়ে দৃষ্টান্তসহ আলোচনা করো।

**অথবা**

খ) "শ্রীকৃষ্ণকীর্তন" অনেকটাই প্রাচীন ও একদা-পরিচিত কাব্য হওয়া সত্ত্বেও জনস্মৃতি থেকে এর প্রায় হারিয়ে যাওয়ার কারণ কী বলে মনে হয়? বাংলায় কৃষ্ণকথার বিকাশের গতিপ্রকৃতি খেয়াল রেখে আলোচনা করো।